দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 14.DEC 1998 ...
পৃষ্ঠা: ১৬ কলাম ৮ ......

# ১৯ ডিসেম্বর বলধা গার্ডেনে অমর্ত্য সেনের সংবর্ধনা

**স্টাফ রিপোর্টার ॥** নোবেল বিজয়ী ঢাকার কৃতী সন্তান অমর্ত্য সেনকে আগামী ১৯ ডিসেম্বর শনিবার সকাল সাড়ে ৮টায় ওয়ারীর বলধা গার্ডেনে ঢাকাবাসীর পক্ষ থেকে যথাবিহিত মর্যাদায় সংবর্ধনা জানানো হবে।

'ঢাকাইয়া ছেলে অমর্ত্য সেন সংবর্ধনা কমিটি'র নেতৃবৃন্দ জানিয়েছেন, বরেণ্য অর্থনীতিবিদ অমর্ত্য সেনের কাছ থেকে ইতোমধ্যে এ ব্যাপারে সম্মতি পাওয়া গেছে।

কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর নোবেল পুরস্কার পাওয়ার পর ৮৫ বছর আগে এ বলধা গার্ডেনের প্রাকৃতিক পরিবেশেই তাঁকে সংবর্ধনা জানানো হয়েছিল।

উল্লেখ্য, কবি বেলাল চৌধুরীকে আহ্বায়ক ও জিন্নুর রহিম দুলালকে সদস্য সচিব করে গঠন করা হয়েছে 'ঢাকাইয়া ছেলে অমর্ত্য সেন সংবর্ধনা কমিটি'।